

💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ হাদী (পশু জবাই), কুরবানী, দম الهدي রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬৫- হাদী ও কুরবানী কোথায় এবং কীভাবে দিতে হয়?

হাদী মিনায় বা মক্কায় জবাই করা ওয়াজিব। আর কুরবানী নিজ দেশেও দেয়া যাবে। সৌদী আরব সরকারের তত্ত্বাবধানে আই.ডি.বি-র মাধ্যমে বেশ কয়েক বছর যাবৎ কুরবানী ও হাদীর পশু ক্রয়-বিক্রয়, আমদানী ও জবাই হয়ে থাকে। হাজীরা এখন এ সুযোগ নিয়ে তাদের মুয়াল্লেম বা গ্রুপ লীডারের মাধ্যমে ব্যাংকে টাকা জমা দিয়ে হাদীর পশু ক্রয় ও জবাইয়ের কাজ সম্পন্ন করে থাকেন। আপনিও তাই দূর-দূরান্ত, অজানা-অচেনা পথে অতীব পরিশ্রমের ঝুকি না নিয়ে পূর্বেই ব্যাংকে টাকা জমা দিয়ে হাদীর পশু জবাইয়ের কাজটা সহজে সেরে ফেলতে পারেন। ফলে পাথর মারা শেষ হলে আপনার পরবর্তী কাজ হবে চুল কাটা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2713

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন